

## শিক্ষা ডিরেক্টরী অ্যাপ ও অনলাইন ইআইআইএন কার্যক্রম উদ্বোধন

ঢাকা, ২৫ সেপ্টেম্বর

ই-সেবা সকলের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষে আজ ঢাকায় ব্যানবেইস সম্মেলন কক্ষে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক দেশের প্রথম শিক্ষা ডিরেক্টরী অ্যাপ ও 'অনলাইনে ইআইআইএন' কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রধান অতিথি হিসেবে অ্যাপ ও ইআইআইএন কার্যক্রম উদ্বোধন করেন।

এসময় শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বাধ্যতামূলক এডুকেশনাল ইনস্টিটিউট আইডেন্টিফিকেশন নাম্বার (ইআইআইএন) পেতে এখন আর ঢাকায় আসতে হবে না। অনলাইনে আবেদনের মাধ্যমেই তা পাওয়া যাবে। ফলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ইআইআইএন নাম্বার পাওয়া অনেক সহজ হবে। সময় ও অর্থের সাশ্রয় হবে এবং হয়রানিও কমবে। এ কাজে স্বচ্ছতা বাড়বে।

ব্যানবেইসের পরিচালক মো. ফসিউল্লাহর সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন এবং কারিগরি ও মাদরাসা বিভাগের সচিব মো. আলমগীর বক্তব্য রাখেন।

শিক্ষামন্ত্রী এসময় ভিডিও কনফারেন্সের মাধ্যমে কুমিল্লার বুড়িচং, নেত্রকোনার কেন্দুয়া, দিনাজপুর সদর ও পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলার একটি করে শিক্ষা প্রতিষ্ঠানকে অনলাইনের মাধ্যমে ইআইআইএন নাম্বার সম্বলিত সার্টিফিকেট প্রদান করেন। সংশ্লিষ্ট জেলা প্রশাসক, ইউএনও ও প্রতিষ্ঠান প্রধানগণ এসময় উপস্থিত ছিলেন এবং তারা সাথে সাথে এর প্রিন্ট আউট নিয়ে শিক্ষামন্ত্রীকে দেখান। তাদের মতামতও ব্যক্ত করেন।

পরে শিক্ষামন্ত্রী শিক্ষা ডিরেক্টরী অ্যাপ উদ্বোধন করেন। এ ডিরেক্টরিতে মন্ত্রণালয়, অধিদপ্তর, দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানের টেলিফোন নম্বর, মোবাইল নম্বর ও ই-মেইল আইডি পাওয়া যাবে। এই অ্যাপটি গুগল প্লে স্টোর থেকে ফ্রি ডাউনলোড করা যাবে।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯